



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

এসএসসি পরীক্ষা-২০২৪ এর ফলাফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলি

আবেদন করার সময়: ১৩/০৫/২০২৪ থেকে ১৯/০৫/২০২৪

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে, যারা উত্তরপত্র পুনঃনিরীক্ষণে ইচ্ছুক তাদেরকে শুধু টেলিটক প্রি-পেইড ফোন থেকে পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করতে হবে।

* পুনঃনিরীক্ষার জন্য আবেদন করতে টেলিটক সিম মোবাইলের **Message** অপশনে গিয়ে RSC <Space > বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space > রোল নম্বর <Space > বিষয় কোড লিখে Send করুন 16222 নম্বরে।

উদাহরণ: বরিশাল বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 100086 এবং বাংলা ১ম পত্রে আবেদন করতে চাইলে **Message** অপশনে RSC BAR 100086 লিখে Send করুন 16222 নম্বরে। ফিরতি এসএমএস-এ আবেদন বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি Pin প্রদান করা হবে। এতে সম্মত থাকলে **Message** অপশনে গিয়ে RSC<Space >Yes<Space>Pin<Space>Contact Number(যে কোন মোবাইল অপারেটর)লিখে Send করুন 16222 নম্বরে।

উল্লেখ্য পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই এসএমএস এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয় কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন, বাংলা ও ইংরেজি দুটি বিষয়ের জন্য আপনার টেলিটক প্রি-পেইড মোবাইলের **Message** অপশনে গিয়ে RSC<Space>BAR<Space>Roll Number<Space>101,102,107,108 লিখতে হবে। এক্ষেত্রে প্রতিটি পত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে।

 ১২.০৫.২৪

অরুন কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন অফিস: ০২৪৭৮৮৬৪৩৭০

মেইল barisalboard@gmail.com